

চারার বয়সের গুরুত্ব

চারার রোপণের সময়ের পার্থক্যের জন্য চারার বয়স কম বেশি হয়ে থাকে। এ কারণে রোপণ পরবর্তী গাছের জীবনকাল এবং ফলনেও পার্থক্য হয়। তাই উপযুক্ত বয়সের চারা রোপণ করা হলে কার্যকরী কুশির সংখ্যা বৃদ্ধি পায়, যা ফলন বৃদ্ধির সহায়ক হয়।

রোপণের জন্য চারার বয়স

- ▶ আউশ মৌসুমে ২০-২৫ দিনের, আমন মৌসুমে ৩০-৩৫ দিনের এবং বোরো মৌসুমে ৪০-৪৫ দিনের চারা রোপন করতে হয়।
- ▶ সঠিক বয়সের চারা সঠিক সময়ে রোপণ করা হলে কুশি প্রদানের সময় বেশি পায় বিধায় কার্যকর কুশি অর্থাৎ ছড়ার সংখ্যা বৃদ্ধি পায়। চারা রোপণের আগে জমি ভালভাবে সমান করে নিতে হবে। অন্যথায় অসমান অংশে পানি জমে থাকলে এবং এতে চারা ডুবে গেলে চারা মৃত্যুর হার বেড়ে যায় যা ফলন ঘাটতির কারণ হয়। বেশি বয়সের চারা রোপণ করা হলে গাছ নতুন কুশি গজানোর সময় কম পায়। এতে কুশির সংখ্যা কম হওয়ায় ছড়ার সংখ্যাও কমে যায়। তাছাড়া ছড়াও ছোট আকারের হয় এবং প্রতি ছড়ায় পুষ্ট ধানের সংখ্যাও কম হয়। এতে ফলনের অনেক কমতি হয়ে থাকে।
- ▶ তা ছাড়া সঠিক বয়সের চারা বেশি বয়সের চারার চেয়ে তাড়াতাড়ি মাটির সাথে লেগে নতুন কুশি গজানো শুরু করতে পারে। আর যত আগাম কুশি গজাবে তত বেশি কার্যকর কুশির সংখ্যা বাড়বে।
- ▶ ধানের জাতভেদে চারার বয়সের কিছুটা তারতম্য হতে পারে। স্বল্পায়ু জাতের ধান গাছের জীবনকাল অপেক্ষাকৃত কম হওয়ায় কুশি প্রদানের সময়ও কম থাকে বলে ৩০ দিন বয়সের চারা রোপণ করা ভাল।
- ▶ আমনের ক্ষেত্রে উপযুক্ত বয়সের চারা না পাওয়া গেলে অথবা রোপণে দেরি শ্রাবণ (১৫ আগস্ট) হয়ে গেলে বেশি বয়সের চারা (৪০-৫০ দিন) ঘন করে রোপণ করে এবং পরিচর্যা সঠিকভাবে করা হলে ফলন ঘাটতি অনেকাংশে কমানো যায়।
- ▶ তাই সঠিক বয়সের চারা মৌসুমের প্রথম দিকে রোপণ করা হলে ফলন বৃদ্ধি পায়।



৩০ দিনের চারা

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ১: মডিউল ৫

ফ্যাক্ট শীট ৬